গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট
বন্দর, চট্টগ্রাম।
www.nmi.gov.bd

নং-১৮.১৯.০০০০.০০১.১১.০০১.২২-৬০৯(৩)

তারিখঃ ০৫/০৫/২০২৫খ্রি.

# পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রামের নিম্নেবর্ণিত অস্থায়ী শূন্য পদের বিপরীতে সরাসরি জনবল নিয়োগের জন্য উল্লেখিত শর্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

| ক্র/নং | পদের নাম | পদের গ্রেড ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | ক্যাটারিং ইন্সট্রাক্টর | গ্রেড নং-১৩, স্কেল=১১,০০০-২৬,৫৯০/- | ০১টি | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকসহ অনুমোদিত প্রতিষ্ঠান হইতে ক্যাটারিং বিষয়ে প্রশিক্ষণের সনদসহ অন্যূন ২ (দুই) বৎসরের ক্যাটারিং কাজের অভিজ্ঞতা;<br>অথবা<br>খ) স্নাতকসহ সমুদ্রগামী জাহাজে চীফ ষ্টুয়ার্ড বা চীফ কুক হিসাবে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |
| ২। | ফায়ার ফাইটিং সহকারী | গ্রেড নং-১৪, স্কেল=১০,২০০-২৪,৬৮০/- | ০১টি | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রি;<br>খ) অনুমোদিত ফায়ার প্রশিক্ষণ প্রতিষ্ঠান হইতে ৬ (মাস) মেয়াদী ফায়ার সেফটি ম্যানেজার কোর্স সনদপ্রাপ্ত; এবং<br>গ) সংশ্লিষ্ট কাজে ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |

শর্তাবলী

১। আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, ০৫/০৫/২০২৫ তারিখে বয়স, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, ধর্ম, অভিজ্ঞতা (যদি থাকে) ইত্যাদি উল্লেখ পূর্বক অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, দক্ষিণ হালিশহর, বন্দর, চট্টগ্রাম-৪১০০ এর বরাবরে রেজিস্টার্ড ডাকযোগে আবেদন প্রেরণ করতে হবে। খামের উপর পদের নাম এবং আবেদনকারী যে ঠিকানায় ইন্টারভিউ কার্ড পেতে আগ্রহী সেই ঠিকানা স্পষ্টাক্ষরে লিপিবদ্ধ করে ৯.৫ ইঞ্চি×৪.৫ইঞ্চি আকারের ১টি খামে ২০/- (বিশ) টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকেটসহ আবেদনপত্রের সাথে প্রেরণ করতে হবে।

২। প্রার্থীর বয়স ০৫/০৫/২০২৫ তারিখে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ১৮/১১/২০২৪ তারিখে গেজেটে প্রকাশিত প্রজ্ঞাপন অনুযায়ী ১৮-৩২ বছর হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩। আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র এবং সকল শিক্ষা সনদপত্রের ফটোকপি, ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের ফটোকপি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের ৩ (তিন) কপি রঙিন ছবি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে এবং অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে) ইত্যাদি সংযুক্ত করতে হবে।

৪। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে (অগ্রিম কপি গ্রহণযোগ্য নহে)।

৫। মৌখিক পরীক্ষায় প্রার্থীগণকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতাসহ সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

৬। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৭। আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ ০৪/০৬/২০২৫খ্রি. । উক্ত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৮। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৩/০৭/২০২৪ তারিখের স্মারক নং- ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪.১৪১ এর মাধ্যমে জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী কোটা নির্ধারণ করা হবে।

৯। প্রার্থী মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরঙ্গনার সন্তান হলে সরকারের সর্বশেষ নির্দেশনা অনুসারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রমাণক আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। তাছাড়া ক্ষুদ্র নৃ-গোষ্ঠি, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটা প্রার্থীদের ক্ষেত্রেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১০। প্রার্থীদেরকে আবেদন ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে (১-৫২৩৬-০০১০-২৬৮১ নং কোডের বিপরীতে) Principal, National Maritime Institute, Chattogram এর অনুকূলে বাংলাদেশ ব্যাংক /সোনালী ব্যাংকে জমা করে ট্রেজারী চালানের মূলকপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। এক্ষেত্রে পোস্টাল অর্ডার বা ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার দাখিল করা হলে ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউটের অনুকূলে বাজেয়াপ্ত হবে।

১১। লিখিত ও মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য প্রার্থীদের কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

05.05.2025

ক্যাপ্টেন আতাউর রহমান
অধ্যক্ষ।

PF 216-93/25(10x4)